মেহেরপুরে অসহায়দের জন্য ফ্রী সবজি বাজার চালু

মেহেরপুরে বিশ্ববিদ্যালয় পড়ুয়া এক ছাত্রের ব্যক্তিগত উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে অসহায় হয়ে পড়া অসচ্চল পরিবারের জন্য ফ্রি সবজি বাজার প্রতিষ্ঠা করেছে। বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র সাব্বির আহমেদ নামের এক যুবক এ বাজার চালু করেন। সে মেহেরপুর বেড়পাড়া এলাকায় বসবাস করেন এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র।

আজ রবিবার সকাল ১০ টার সময় শহরের বেড়পাড়া এ ফ্রি বাজার বসিয়ে অসহায় দুস্থদের মাঝে সবজি বিতরণ করা হয়।
প্রতিদিন ২০০-৩০০ পরিবারের মাঝে বিভিন্ন জনের সহযোগিতায় মাছ সহ সবজি বিতরণ করা হয়।

এসময় বিভিন্ন বিশ^বিদ্যালয়ের ছাত্ররা উপস্থিত ছিলেন। অসহায় পরিবারের জন্য এ বাজার অব্যাহত থাকবে বলে জানান বাজার পরিচালনায় ছাত্ররা।

গাংনীতে সরকারি অর্থে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলায় আউশ ধান আবাদ বৃদ্ধির লক্ষ্যে কৃষকদেরকে কৃষি উপকরণ সহায়তা দেওয়া হয়েছে। বিনামূলে সরকারি এ সহায়তা প্রদান রোববার সকালে আনুষ্ঠানিকভাবে শুরু হয়। এ উপজেলায় ৩ হাজার ১৫০ জন কৃষককে এক বিঘা করে জমি ব্রি ধান ৪৮ আবাদের জন্য বীজ ও সার প্রদান করা হচ্ছে। এর মধ্যে ৫ কেজি বীজ ও ৩০ কেজি সার রয়েছে।

গাংনী উপজেলা পরিষদ চত্ত্বরে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ। বক্তব্য রাখেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক ও উপজেলা কৃষি অফিসার

জীবননগরে গৃহ বধূকে শ্লীলতা হানির চেষ্টায় থানায় অভিযোগ

জীবননগর উপজেলা হাসাদাহ ইউনিয়ন করিমপুর গ্রামের দুই সন্তানের জননীকে রাতের আধারে তুলে নিয়ে যেয়ে জোর পুর্বক শ্লীলতা হানীর চেষ্টার অভিযোগ পাওয়া গেছে একই গ্রামের বসবাসকারী দুই যুবকের বিরুদ্ধে। উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে বাদি পক্ষ থানায় অভিযোগ দ্বায়ের করলে অভিযোগ নামা তুলে নিতে বাদি পক্ষকে বিভিন্ন ভাবে হুমকি ধাকি প্রোয়গ করা হচ্ছে বলে জানাযায় ।

ঘটনার বিবারনে জানাযায়, হাসাদাহ ইউনিয়নের করিমপুর গ্রামের করিমপুর বাজারে চা বিক্রেতা সাইফুল ইসলামের সুন্দরি স্ত্রী দুই সন্তানের জননী রুবিনা খাতুন (২৪) কে একই গ্রামে বসবাসকারী ইদ্রিস আলীর ছেলে মিলন হোসেন (২৮) ও আজিজুল হক (৩৫) পিতা অজ্ঞাত। রুবিনা খাতুন অভিযোগ করে বলেন যে, মিলন এবং আজিজুল তাকে বিভিন্ন সময় বিভিন্ন ভাবে কু- প্রস্তাব দিয়ে আসছিলেন তাদের কু-প্রস্তাবে রাজি না হওয়ায় গত ১৮ই এপ্রিল শনিবার রাতে আধারে গৃহ বধু রুবিনা খাতুনকে একা পেয়ে জে¦◌ার পুর্বক মাঠের মধ্যে ধরে নিয়ে যেয়ে শ্লীলতা হানীর চেষ্টা করে।

এ সময় রুবিনা খাতুন চিৎকার দেওয়ার ভয় দেখালে উপরোক্ত অভিযুক্ত ব্যাক্তিরা তাকে ছেড়ে পালিয়ে যায়। এ সময় রুবিনা খাতুন গ্রামের জৈনক আইনদ্দিনের বাড়িতে যেয়ে আশ্রয় নেই। পরে বিষয়টি জানাজানি হয়ে গেলে রুবিনার পরিবারের লোক এসে তাকে তার বাড়িতে ফিরিয়ে নিয়েজান। পরে অভিযুক্ত ব্যাক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যাবস্থা গ্রহগনের জন্য স্বামী সাইফুল বাদি হয়ে জীবননগর থানায় একটা লিখিত অভিযোগ দ্বায়ের করেন ।

বিষয়টি নিয়ে অভিযুক্ত আজিজুলের নিকট জানতে চাইলে আজিজুল সু – কৌশলে নিজের দোষ এড়িয়ে যাওয়ার চেষ্টা করেন এবং ঘটনার সাথে মিলনের সম্পৃক্তা আছে বলে জানান। ঘটনাটি এলাকাই জানাজানি হলে

ঘটনার সাথে জড়িত দোষী ব্যাক্তিদের বিরুদ্ধে আউনানুগ ব্যাবস্থা গ্রহনের জন্য প্রশাসনের নিকট জে¦◌ার দাবি জানান এলাকাবাসী ।

এ দিকে বাদি পক্ষ অভিযোগ করে বলেন যে, আসামি পক্ষ মামলা তলে নিতে তাকে বিভিন্ন ভাবে হুমকি ধামকি দিয়ে আসছেন । বর্তমানে এমতাবস্থায় বাদি পক্ষ আইনি সহতায় চেয়েছেন সকল প্রশাসনিক কর্মকর্তাদের কাছে।

ঝিনাইদহে এতিমখানায় ইফতার ও রাতের খাবার

ঝিনাইদহ শিকারপুর উত্তরপাড়া ফাতেমা-মিজান হাফেজিয়া মাদ্রাসায় ইফতার ও ইফতার পরবর্তী রাতের খাওয়া দাওয়ার আয়োজন করা হয়। গতকাল শনিবার সন্ধ্যায় ইফতার ও ইফতার পরবর্তী রাতের খাওয়া দাওয়ার আয়োজন করা হয়।

২০১৫ সালে ইঞ্জিনিয়ার আখতারুজ্জামান কাজলের একক প্রচেষ্টায় এতিমখানাটি প্রতিষ্ঠিত হয়। এখন প্রায় ৪০ জন এতিম শিশু এখানে পড়াশোনা করছে।
প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা ইঞ্জিঃ আখতারুজ্জামান কাজল জানান, ঝিনাইদহের বিভিন্ন এলাকার দরিদ্র পরিবারের শিশুদের এখানে সম্পূর্ণ বিনা খরচে পড়াশোনা করানো হয়। খাওয়া-দাওয়া, পোষাক, বইপত্র সবকিছু প্রতিষ্ঠান বহন করে আসছে। প্রতিষ্ঠানে আলী আজম ও আলাউদ্দিন নামে দুইজন হাফেজ এতিমখানার শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করছে।

ঝিনাইদহ জেলা পরিষদের কিছু অনুদান ছাড়া আর তেমন কোনো অনুদান মেলেনি। প্রতিষ্ঠাতা মানসিক প্রশান্তির স্থান থেকে এই গুরুদায়িত্ব কাধে নিয়ে এগিয়ে যাচ্ছেন।

তিনি আশাবাদী এখান থেকে এক সময় শত শত হাফেজ বের হয়ে দীন ও দশের সেবাই নিয়োজিত হবেন।

ঝিনাইদহে কৃষকের ধান কেটে দিলো কৃষকলীগ নেতারা

ঝিনাইদহে শুরু হয়েছে বোরো ধান কাটা। কিন্তু ‘লকডাউন’র কারণে শ্রমিক সংকটে পড়ায় পাকা ধান নিয়ে দুচিন্তায় পড়েছেন কৃষকরা।
এ অবস্থায় কৃষকের সেই দুচিন্তা দূর করতে কৃষকের পাকা ধান কেটে দিলো জেলা কৃষকলীগের নেতারা।

গতকাল শনিবার ঝিনাইদহ সদর উপজেলা ছোট কামারকুন্ডু গ্রামের কৃষক মো: সাদেক নামে এক কৃষকের ১৬ শতক জমির পাকা ধান কেটে বাড়ির পৌঁছে দিয়েছেন কৃষকলীগের ১০-১৫ জন নেতা-কর্মী।

সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা কৃষক লীগ সভাপতি সাজেদুল ইসলাম সোম, সহ সভাপতি আমজাদ হোসেন, সহ সভাপতি আব্দুর রাজ্জাক সর্দার, যুগ্ম সাধারণ সম্পাদক এম এস উজ্জল, দপ্তর সম্পাদক প্রশীত মজুমদার, জেলা সদস্য মো: মিন্টু মিয়া, পৌর কৃষক লীগের আহবায়ক মো:হাবিবুল্লাহ বাচ্চু, পৌর সম্মেলন প্রস্তুুতি কমিটির যুগ্ম আহবায়ক হাজী রেজাউল বিশ্বাস, সিনিয়র সদস্য সৈয়দ আতাউর রহমান লাল্টু, পৌর সম্মেলন প্রস্তুতি কমিটির যুগ্ম আহবায়ক শেখ মো: মুস্তাক এবং ৩ নং ওয়ার্ড কৃষক লীগ সভাপতি/সাধারণ সম্পাদক সহ অন্যান্য নেতৃবৃন্দ।

মেহেরপুরে আশরাফপুরে ৬০ পিস ইয়াবাসহ দুই জন আটক

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে অভিযান চালিয়ে ৬০ পিস ইয়াবাসহ সজিব বিশ্বাস (৩৩) ও হাসেম আলী(২৫) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি)পুলিশ।

শনিবার রাত পোনে দশটার দিকে ডিবির এস আই মুক্ত রায়ের নেতৃত্বে এএসআই মাহাতাব উদ্দিন ও এএসআই জসিম উদ্দিনসহ ডিবি পুলিশের একটি টিম এ অভিযান পরিচালনা করেন।
আটক সজিব বিশ্বাস আবুল বাশার বিশ্বাসের এবং হাসেম আলী আকুব্বারের ছেলে। তাদের দুজনরেই বাড়ি মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামে। ডিবির ওসি জানান, গোপন সংবাদের ভিত্তিতে সংবাদ পাওয়া যায় আশরাফপুর এলাকায় মোটরসাইকেলে দুই মাদক ব্যবসায়ী ইয়াবার একটি চালান পার করছেন। এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপার মহোদেয়ের নির্দেশে সেখানে অভিযান চালানো হয়। অভিযান চালিয়ে সেখান থেকে ৬০পিস ইয়াবাসহ দুই জনকে আটক করা হয়। এসময় তাদের ব্যবহৃত মোটরসাইকেলটি জব্দ করা হয়। পরে তাদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে সরকারি আইন অমান্য করায় পাঁচ পথচারীর জরিমানা

মেহেরপুরের গাংনীতে সরকারি আইন অমান্য করায় পাঁচজন পথচারীর কাছ থেকে ১৪০০ টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত।

আজ শনিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সহকারি কমিশনার (ভুমি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর-ই- আলম সিদ্দিকী ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। দন্ডিততরা হলেন-চেংগাড়া গ্রামের মকবুলের ছেলে রোকন-৫০০ টাকা,ভোমরদাহ গ্রামের সাত্তারের ছেলে খেলাফত-৪০০ টাকা, আঠারখাদা গ্রামের আজিজুর রহমানের ছেলে জিয়াউর ১০০ টাকা,জালশুকা গ্রামের হায়দারের ছেলে রাকিবুল এর নিকোট থেকে ৩০০ টাকা এবং হেমায়েতপুর গ্রামের ইকছার আলীর ছেলে আজমল এর নিকোট থেকে ১০০ টাকা জরিমানা আদায় করা হয়।

আদালত পরিচালনা কারি নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর-ই – আলম সিদ্দিকী জানায়, ১৮৬০/১৮৮ অনুযায়ী সরকারি বিধি নিষেধ অমান্য করে মাস্ক বিহিন রাস্তায় বের হওয়ার অপরাধে এদের কাছ থেকে জরিমানা আদায় করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহায়তা করেন র্যাব-৬ এর

সিনিয়র এএসপি সোহেল রানা,ডিএডি মহম্মদ আলীসহ র্যাব-৬ এর একটি টিম ।

দর্শনায় শশুর বাড়িতে ২ কেজি গাঁজাসহ জামাই গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ শশুর বাড়িতে ২ কেজি গাঁজাসহ একজনকে গ্রেফতার করেছে পুলিশ।

জানাযায় দিনগত শনিবার রাত ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবব্বুর রহমান কাজলের নেতৃত্বে এস আই মাজহারুল ও এ এস আই আনোয়ার হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালায় মদনা গ্রামে।

এ সময় পুলিশ মদনার স্কুল পাড়ার মৃত্য বাদলা মন্ডলের জামাই হাসান মুন্সি(৩৬) কে বাঁশ বাগানের ভিতর থেকে ২ কেজি গাঁজাসহ তাকে গ্রেফতার করে। গ্রেফতার কৃত জামাইয়ের বাড়ি ফরিদপুর জেলার বোয়ালমারী থানার দাদপুর গ্রামের মৃত্য আব্দুল খালেক মুন্সীর ছেলে।এ ঘটনায় দর্শনা থানার এস আই মাজহারুল ইসলাম বাদি হয়ে হাসান মুন্সির বিরুদ্ধে দায়ের করেছে মামলা।

গাংনীর সাহারবাটিতে আওয়ামী লীগের দু’পক্ষের সংঘর্ষ,৫টি বোমার বিস্ফোরণ

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে স্থানীয় আওয়ামী লীগের দু’পক্ষের সংঘর্ষে ফিল্মি

স্টাইলে পুলিশের উপস্থিতিতে বোমা নিক্ষেপ করা হয়েছে। এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গোলাম ফারুক ও ছাত্রলীগ নেতা রাকিবুল ইসলাম টুটুল পক্ষের মধ্যে আজ শনিবার সকাল নয়টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে উভয় পক্ষে চার জন আহত হয়েছে বলে দাবী করা হয়েছে।

স্থানীয় প্রত্যক্ষদর্শী সুত্রে জানা গেছে, এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দু’পক্ষের মধ্যে বেশ কিছুদিন ধরে উত্তেজনা বিরাজ করছিল। গত শুক্রবার সন্ধায় টুটুল পক্ষের হামলায় চেয়ারম্যান পক্ষের তিন জন আহত হয়। আহতরা হলেন, ইসলামের ছেলে সুজন (২৫),দাউদ হোসেনের ছেলে আমানুর (৪৫) ও রেহান আলীর ছেলে আয়েছ (৩৭)। আহত সুজনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়। সে থেকেই এলকায় নেমে আসে নিরবতা। চারাচারা বাজারের ব্যবসায়ীরা তড়িঘড়ি করে ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়।

সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে পড়ে আতংক। পরিস্থিতি নিয়ন্ত্রনে সাহারবাটি বাজারে পুলিশ মোতায়েন করা হয়। এর জেরে আজ শনিবার সকালে পুলিশের উপস্থিতিতে দু’পক্ষের লোকজন চাইনিজ কুড়াল,লাঠিশোঠা লোহার রড নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়ে পড়ে। আধিপত্য দেখাতে পর পর ৫টি বোমার বিষ্ফোরণ ঘটে। সংঘর্ষে উভয় পক্ষের চার জন আহত হয়েছে। এদের মধ্যে গুরুতর আহত দুই জনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। বোমা নিক্ষেপের ঘটনায় একে অপরকে দায়ী করছেন উভয় পক্ষের নেতৃবৃন্দ। এঘটনায় চরম আতংকে রয়েছ এলাকার সাধারণ মানুষ । যেকোনো সময় ঘটতে পারে বড় ধরনের দুর্ঘটনা।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে রয়েছে।

দামুড়হুদায় কর্মহীন পরিবারের

মধ্যে ইফতার সামগ্রী বিতরণ

দামুড়হুদায় যুব সমাজের আয়োজন সমাজের কর্মহীন দরিদ্র পরিবারের মধ্যে ইফতার সামগ্রী বিতরণ করা হয়েছে।

জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের দশমী পাড়ার যুব সমাজের আয়োজনে স্বস্থ্যবিধি মেনে করোনা ভাইরাসের রোজাদার কর্মহীন দরিদ্রে পরিবারের মাঝে প্রায় ৩ শতাধিক ইফতার সামগ্রী বিতরণ করা হয়।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা দারুস সুন্নাহ হাফিজ মাদ্রাসার হাফেজ সাফায়েত উল্লাহ।

এসময় উপস্থিত ছিলেন, রাকিব ফাউন্ডেশনের পরিচালক আরজু আহান্মেদ রাকিব, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক হাবিবুর রহমান হাবীব, সেলিম, মহশিন, সহেল, সহেল-২, সজিব, সবুজ, আজিজুল, মিলন, সৌরভ, মিন্টুসহ রোজাদার ব্যক্তিরা।